

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫  
বিশেষ প্রকল্প শাখা ডেক্স-২  
www.brdb.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.০০০.৫২৫.৯৯.০০০১.২৪.২১

তারিখ: ২৪ বৈশাখ ১৪৩৩  
০৭ মে ২০২৬

বিষয়: পল্লী উদ্যোক্তা ঋণ কর্মসূচির কার্যক্রম যথাযথরূপে বাস্তবায়ন।

সূত্র: (১) ৪৭.৬২.০০০০.৫১৪.১৮.৪২৪..২৪.৯৮৯৩; তারিখ: ১১ নভেম্বর, ২০২৫।

(২)

৪৭.৬২.০০০০.৫১৪.০২.৩১৮.২১.১০৮৫২; তারিখ: ২৪ অক্টোবর, ২০২৪।

(৩) ৪৭.৬২.০০০০.

০০৯.০৭.০০২.২৫.৪৯১; তারিখ: ১৯ এপ্রিল, ২০২৬।

পল্লী এলাকার দারিদ্র্য বিমোচন ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বিআরডিবি কর্তৃক “পল্লী উদ্যোক্তা ঋণ কর্মসূচি” বর্তমানে সারা দেশে বাস্তবায়িত হচ্ছে। কর্মসূচির কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে একটি নীতিমালা রয়েছে। উপরন্তু কর্মসূচির কার্যক্রম সুচারুভাবে পরিচালনার জন্য সময় সময় বিভিন্ন নির্দেশনা প্রদান করা হয়েছে। বিশেষত পরিচালক (সরেজমিন) মহোদয়ের স্বাক্ষরে সূত্র ১নং পত্র মূলে কিস্তি খেলাপী রোধ, মেয়াদোত্তীর্ণ ঋণ আদায়, সফটওয়্যারে তথ্য নিয়মিত হালনাগাদ এবং যাচাই-বাছাই অস্ত্রে ঋণ বিতরণ সংক্রান্ত নির্দেশনা সম্বলিত একটি পত্র জারী করা হয়। অধিকন্তু ২নং সূত্র পত্র মূলে উদ্যোক্তা ঋণ তহবিলের সুষ্ঠু ব্যবহার এবং খেলাপী রোধে সিলিং বৃদ্ধির বিষয়ে একটি অফিস আদেশ জারী করা হয়। তাছাড়া ৩নং সূত্র পত্র মূলে স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তর কর্তৃক ২০২৩-২০২৪ অর্থবছরে বিআরডিবি’র মাঠ পর্যায়ে ঋণের কিস্তি খেলাপীর জন্য অডিট আপত্তি প্রদান করা হয়েছে, যা খুবই উদ্বেগের। এছাড়াও লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন উপজেলা নির্দেশনাসমূহ অনুসরণ না করে হচ্ছেমত ঋণ বিতরণ করছেন এবং ঋণ আদায়ের পরে দীর্ঘ সময় অতিবাহিত হলেও আদায়ের তথ্য সফটওয়্যারে এন্ট্রি করছেন না। বিপরীতক্রমে একই ব্যক্তি উপজেলার আইডি এবং ইউআরডিওর আইডি ব্যবহার করে সফটওয়্যারে পোস্টিং এবং Day close অথবা Posting Approval করতেছেন, যা স্পষ্টতই আর্থিক শৃঙ্খলা পরিপন্থী। ফলে আর্থিক অনিয়ম ও আত্মসাতের সুযোগ তৈরী হচ্ছে।

০২) উপরিউক্ত প্রেক্ষাপটে পল্লী উদ্যোক্তা ঋণ কর্মসূচির কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের স্বার্থে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

(ক) পল্লী উদ্যোক্তা ঋণ কর্মসূচির স্মারক নম্বর-১০৮৫২, তারিখ: ২৪ অক্টোবর, ২০২৪ এর নির্ধারিত ধাপ ও বর্ণিত ঋণ সীমার বাইরে ঋণ বিতরণ করা যাবে না। ঋণের সিলিং ব্যতিরেকে ঋণ বিতরণ করা হলে এবং উক্ত অর্থ অনাদায়ে বিতরণকারী সংশ্লিষ্ট আয়ন ব্যয়ন কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন;

(খ) জুন/২০২৬ তারিখের মধ্যে কিস্তি খেলাপি ও মেয়াদোত্তীর্ণ ঋণ শূন্য (০) নামিয়ে আনতে হবে। কোনক্রমেই উদ্যোক্তা ঋণের কিস্তি খেলাপি করা যাবে না;

(গ) সফটওয়্যারে কোন ডেটা বাংলায় এন্ট্রি এবং একই ব্যক্তি কর্তৃক একাধিক আইডি ব্যবহার করা যাবেনা;


(ঘ) পুনঃবিনিয়োগকৃত ঋণের সকল তথ্য পত্র জারির ১০ (দশ) কর্মদিবসের মধ্যে [www.brdbrel.com](http://www.brdbrel.com) সফটওয়্যারে এন্ট্রি নিশ্চিত করতে হবে। আগামী ১ জুন, ২০২৬ তারিখ হতে ডে-বুক স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে। এ কারণে প্রতিদিনের ডেটা প্রতিদিন এন্ট্রি নিশ্চিত করতে হবে;

(ঙ) বিলম্বে এন্ট্রিজনিত কারণে প্রতিবেদনে সঠিক তথ্য প্রদর্শিত না হওয়াসহ অতিরিক্ত সেবামূল্য নিরূপন হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীকে ব্যক্তিগতভাবে এর দায় বহন করতে হবে।

০৩) এমতাবস্থায়, উল্লিখিত নির্দেশনাসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

সংযুক্তি:

(১) সূত্র পত্রসমূহ



০৭-০৫-২০২৬

মিজানুর রহমান

যুগ্মপরিচালক (সম্প্রসারণ ও বিশেষ প্রকল্প)

(অতিরিক্ত দায়িত্ব)

ফোন : +৮৮০২৫৫০১১৭৩০

ফ্যাক্স : +৮৮০২৪১০১০৩২১

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (সকল)  
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)।

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.০০০.৫২৫.৯৯.০০০১.২৪.২১/১ (৬)

তারিখ: ২৪ বৈশাখ ১৪৩৩  
০৭ মে ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। যুগ্মপরিচালক, বিভাগীয় কার্যালয়, ..... বিভাগ, বিআরডিবি (নির্দেশনাসমূহ মাঠ পর্যায়ে বাস্তবায়নে নিবিড় তদারকির অনুরোধসহ)।
- ২। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। উপপরিচালক (সম্প্রসারণ) ও টিম লিডার, বিআরডিবি, ঢাকা, সিআরএম ইউনিট।
- ৪। উপপরিচালক, বিআরডিবি, -----জেলা দপ্তর (নির্দেশনাসমূহ বাস্তবায়ন নিশ্চিতকরণের অনুরোধসহ)।
- ৫। মহাপরিচালকের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। একান্ত সহকারী, পরিচালক (সরেজমিন), বিআরডিবি, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।



১২-০৫-২০২৬

ফাতেমা মাহনুর মোহনা

সহকারী পরিচালক (বিশেষ প্রকল্প)